

অনলাইন থেকে পিছিয়ে থাকার সুযোগ নেই

-শিক্ষামন্ত্রী

চাক রিপোর্টার : শিক্ষামন্ত্রী মুরুল ইসলাম নাহিদ বলেছেন, অনলাইন বদলে দিলে বিঘ্ন। বদলে দেবে বাংলাদেশ।, দারিদ্র্য, শিক্ষার হার বা অন্য কোন অল্পদায়িত্ব আর এ থেকে পিছিয়ে থাকার সুযোগ নেই। তিনি বলেন, আগামী দিনের বিশ্ব পরিচালিত হবে অনলাইনে। বদলে যাবে আমাদের মৈনতিন, সামাজিক ও প্রশাসনিক জীবনধারা। এক্ষেত্রে আমাদের নব প্রজন্মকে এখনই প্রবৃত্ত করার জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০২১ সালের মধ্যে ডিজিটাল বাংলাদেশ ঘোষণা করেছেন। দেশের উর্বিষ্যৎ বাণ্যিক আভ্যন্তরীণ শিক্ষার্থীদের আধুনিক জ্ঞান-বিজ্ঞান ও প্রযুক্তিতে শিক্ষিত করে যোগ্য নাগরিক গড়ে তুলতে পারলেই তা বাস্তবায়ন সম্ভব হবে।

পাবলিক লাইব্রেরী মিলনায়তনে বাংলাদেশ অনলাইন কমিউনিটি কনফারেন্স ২০১০-এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। বাংলাদেশ কম্পিউটার সমিতির সভাপতি বিদিত আইটি বিশেষজ্ঞ মোতফা জাকারের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে দৈনিক সমকালের সম্পাদক গোলাম সারওয়ার, গ্রামীণফোনের যোগাযোগ প্রধান আনান আশরাফ, কানাডা প্রবাসী কবি ইকবাল হাসান, মহীউদ্দিন খান খোকন, সাপ্তাহিক বেঙ্গলি টাইমসের সম্পাদক শহীদুল ইসলাম মিনু প্রমুখ বক্তব্য রাখেন।

শিক্ষামন্ত্রী দেশের সবগুলো ছুপে কম্পিউটার গ্রন্থাগার উদ্দেশ্যে কথা উল্লেখ করে বলেন, কিছুটা সময় তাতে লাগবে। অতি সজ্জিত সরকারি উদ্যোগে কম্পিউটারবিহীন স্থলসমূহে তথ্য প্রযুক্তির সম্যক ধারণা দেয়ার লক্ষ্যে ১৭টি 'মোবাইল আইটি ল্যাব' চালুর কথা উল্লেখ করে তিনি বলেন, এটি একটি দুগ্ধাকারী সূচনা। সরকারের পাশাপাশি বেসরকারি উদ্যোক্তাগণও এ কাজে এগিয়ে আসতে পারেন। তিনি শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক সরকারি সবকটি স্কুল-কলেজে বাধ্যতামূলকভাবে ইন্টারনেট চালু করা, এসএসসি ও এইচএসসি পরীক্ষার ফলাফল ইন্টারনেটে প্রদান, বিশ্ববিদ্যালয়ের উর্ভিত, এমপিওভুক্তির আবেদনসহ বিভিন্ন ক্ষেত্রে অনলাইন পদ্ধতি ব্যবহার করার কথা উল্লেখ করে বলেন, এ ধারা অব্যাহতভাবে সম্প্রসারিত হবে।

অনলাইন- বাংলা বিশ্বমর... প্রোগ্রামকে সামনে রেখে এ আরোহনের মূল উদ্দেশ্য হলো- অনলাইন ব্যবহারের তাগো দিকগুলো সাধারণের মধ্যে বিশেষ করে নতুন প্রজন্মের কাছে তুলে ধরা এবং শিক্ষা, প্রযুক্তি ও সংস্কৃতি দিকশে অনলাইনকে অন্যতম মাধ্যম হিসেবে সুপরিচিত করে তোলা। দিনব্যাপী এ অনুষ্ঠানে আয়োজকগণ পিও-কিশোর, যুব শ্রেণীর জন্য অনলাইনে নান প্রতियোগিতার সুযোগ রেখেছেন।